ঢাকা বিশ্ববিদ্যালয়

# অনলাইন পরীক্ষা সংক্রান্ত নির্দেশিকা

১ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত একাডেমিক পরিষদের বিশেষ সভার সিদ্ধান্ত মোতাবেক "যদি লকডাউন বা করোনা পরিস্থিতির অবনতির কারণে সশরীরে পরীক্ষা নেয়া সম্ভব না হয়, তবে ৬ মে, ২০২১ তারিখের একাডেমিক পরিষদের সিদ্ধান্ত মোতাবেক ওয়েট ল্যাব/হার্ডওয়্যার ল্যাব কেন্দ্রিক ব্যবহারিক পরীক্ষা ব্যতীত সকল পরীক্ষা অনলাইনেই নিতে হবে"। সেই লক্ষ্যে অনুষদ/ইনস্টিটিউট থেকে প্রাপ্ত সুপারিশের আলোকে অনলাইনে পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত একটি সমন্বিত নির্দেশিকা নিম্নে উপস্থাপন করা হলো:

## ক) প্রস্তুতি পর্ব

### ১। পরীক্ষা নেয়ার জন্য অনলাইন প্লাটফর্ম প্রস্তুতকরণ

অনলাইনে ফাইনাল পরীক্ষা নেয়ার জন্য Google Classroom ব্যবহার করতে হবে। প্রতি সেমিস্টার/বর্ষের শিক্ষার্থীদের জন্য একটি ক্লাসরুম খোলা হবে। সংশ্লিষ্ট সেমিস্টার/বর্ষের পরীক্ষা কমিটি এই Google Classroom খুলবে এবং **এক্ষেত্রে অবশ্যই ইনস্টিটিউশনাল ইমেইল আইডি ব্যবহার করতে হবে।** শিক্ষার্থীদেরকে তাদের নিজ নিজ সেমিস্টার/বর্ষের জন্য তৈরি করা Google Classroom-এ পরীক্ষা শুরুর অন্তত তিন দিন আগে জয়েন করতে হবে। সকল পরীক্ষার্থী নির্ধারিত ক্লাসরুমে জয়েন করতে পেরেছে কি-না বিষয়টি সংশ্লিষ্ট সেমিস্টার/বর্ষের পরীক্ষা কমিটি নিশ্চিত করবে।

প্রতিটি পরীক্ষার জন্য আলাদা Assignment খোলা হবে। প্রদত্ত Assignment-এ নির্ধারিত পরীক্ষার প্রশ্নপত্র সংযুক্তি হিসেবে থাকবে, যা পরীক্ষা শুরুর পাঁচ মিনিট পূর্বে Google Classroom-এ প্রকাশ করা হবে। পরীক্ষার্থীরা সংযুক্ত প্রশ্নপত্রটি নিজ কম্পিউটার/মোবাইল-এ ডাউনলোড করতে পারবে।

প্রত্যবেক্ষণের জন্য অনলাইন মিটিং প্লাটফর্ম Zoom ব্যবহার করতে হবে। **এক্ষেত্রে অবশ্যই BdREN থেকে প্রদত্ত Zoom-এর অ্যাকাউন্ট ব্যবহার করতে হবে।**

### ২। প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত

#### i) পরীক্ষার নম্বর ও সময়

প্রচলিত পদ্ধতির অর্ধেক সময়ে এবং ফাইনাল পরীক্ষার জন্য নির্ধারিত নম্বরের অর্ধেক নম্বরে পরীক্ষা নিতে হবে। উক্ত নম্বর ফল বিন্যাসের সময় দ্বিগুণ করে পূর্ণ নম্বরে রূপান্তরিত হবে।

*দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীরা পরীক্ষার নির্ধারিত সময়ের অতিরিক্ত ১০ মিনিট সময় পাবে।

#### ii) প্রশ্নের ধরন সংক্রান্ত

প্রচলিত পদ্ধতিতে ফাইনাল পরীক্ষার জন্য যে ধরনের প্রশ্ন করা হয় (যেমন বর্ণনামূলক, বহুনির্বাচনী, সংক্ষিপ্ত ইত্যাদি) এক্ষেত্রেও একই ধরনের প্রশ্নই করা হবে। তবে বিভাগের একাডেমিক কমিটি চাইলে এর পরিবর্তন করতে পারবে। উভয় ক্ষেত্রেই বিভাগ থেকে সকল পরীক্ষার্থীর পরীক্ষা শুরুর অন্তত এক সপ্তাহ পূর্বে প্রশ্নের ধরন সম্পর্কে অবহিত করতে হবে ।

#### iii) প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন সংক্রান্ত

পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন প্রচলিত নিয়ম অনুযায়ী সম্পন্ন হবে। **মডারেশন কোনো অবস্থাতেই অনলাইনে করা যাবে না।**

### ৩। পরীক্ষা নিয়ন্ত্রক দফতর থেকে সরবরাহকৃত তালিকা

যেকোনো সেমিস্টার/বর্ষের পরীক্ষা শুরু হওয়ার কয়েকদিন পূর্বেই সংশ্লিষ্ট পরীক্ষা কমিটি ঐ সেমিস্টার/বর্ষের পরীক্ষার ফরম পূরণ করা পরীক্ষার্থীদের **পরীক্ষার রোল নম্বর ও ইমেইল এড্রেসের তালিকা এক্সেল ফরম্যাটে** পরীক্ষা নিয়ন্ত্রক দফতর থেকে সংগ্রহ করবেন। এই তালিকায় থাকা ইমেইল এড্রেস ব্যবহার করে পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট গুগল ক্লাসরুমে অন্তর্ভুক্ত করা যাবে। তাছাড়া **ছবিসহ** পরীক্ষার্থীদের **নামের তালিকাও পিডিএফ ফরম্যাটে** পরীক্ষা

নিয়ন্ত্রক দফতর থেকে সংগ্রহ করতে হবে। এই তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর নামের বিপরীতে **প্রত্যবেক্ষকের স্বাক্ষর করার জায়গা থাকবে**।

### ৪। দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের বিষয়ে করণীয়

দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থীগণ নিজ দায়িত্বে তার চেয়ে কম শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন একজন শ্রুতিলেখক নির্বাচন করতে পারবে। শ্রুতিলেখকের শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত প্রমাণপত্র, সংক্ষিপ্ত পরিচিতি, ছবি ও ফোন নম্বর পরীক্ষা শুরুর অন্তত ৭ (সাত) দিন পূর্বে বিভাগ/ইনস্টিটিউট-এর চেয়ারম্যান/পরিচালক এবং পরীক্ষা নিয়ন্ত্রকের ইমেইল-এ পাঠিয়ে দিতে হবে।

## খ) পরীক্ষা অনুষ্ঠান

### ১। অনলাইন প্লাটফর্ম ব্যবহার সংক্রান্ত

Zoom-এ জয়েন করার ক্ষেত্রে পরীক্ষার্থীদের অবশ্যই নামের পরিবর্তে কেবলমাত্র পরীক্ষার রোল নম্বর ব্যবহার করতে হবে। যদি কোনো পরীক্ষার্থী এর ব্যত্যয় ঘটায় সেক্ষেত্রে প্রত্যবেক্ষকদের একজন তাকে Rename করে দিবেন। পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা শুরুর অন্তত ১৫ মিনিট পূর্বে জুমে জয়েন করতে হবে। প্রতিটি পরীক্ষার অন্তত ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কমিটি Google Classroom-এর Stream-এ জুম-এর আইডি পাসওয়ার্ড এবং জরুরি প্রয়োজনে যোগাযোগ করার জন্য **অন্তত তিনটি মোবাইল নম্বর পরীক্ষার্থীদের সাথে শেয়ার করবেন**।

পরীক্ষার্থীদের অবশ্যই ভিডিও সচল রেখে দৃশ্যমান থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

### ২। উত্তরপত্র সংক্রান্ত

অনলাইনে পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় নির্ধারিত উত্তরপত্র ব্যবহারের সুযোগ নেই বিধায় উত্তরপত্রের কাভার পৃষ্ঠার এডিটেবল সফটকপি পরীক্ষার্থীদেরকে পরীক্ষা শুরুর অন্তত একদিন আগে Google Classroom-এর মাধ্যমে সরবরাহ করতে হবে। পরীক্ষা কমিটি বিশ্ববিদ্যালয়ের প্রচলিত পরীক্ষার খাতার অনুকরণে এই কাভার পৃষ্ঠা প্রস্তুত করবেন। পরীক্ষার্থীগণ পরীক্ষা শুরুর পূর্বেই প্রয়োজনীয় তথ্য উক্ত সফটকপিতে পূরণ করে প্রিন্ট করবেন অথবা সেটি প্রিন্ট নিয়ে হাতে পূরণ করবেন অথবা প্রিন্টার না থাকলে A4 সাইজের সাদা কাগজে তার অনুলিপি প্রস্তুত করে রাখবেন। উত্তরপত্র স্ক্যান করার সময় এই পাতাটিকে প্রথম পাতা হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে।

পরীক্ষার্থীরা A4 সাইজ কাগজে নিজ হাতে প্রশ্নের উত্তর লিখবে এবং উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় পৃষ্ঠা নম্বর এবং পরীক্ষার রোল নম্বর লিখতে হবে।

### ৩। প্রত্যবেক্ষণ সংক্রান্ত

পরীক্ষা অনুষ্ঠানের দিন পরীক্ষা কমিটির অন্তত একজন সদস্যকে বিভাগ/ইনস্টিটিউটে সশরীরে উপস্থিত থাকতে হবে। তিনি গুগল ক্লাসরুমে সঠিক সময়ে প্রশ্ন প্রকাশ করার বিষয়টি নিশ্চিত করবেন এবং জুম-এর Breakout Room-এর ব্যবস্থাপনার দায়িত্বে থাকবেন। তিনিও একজন প্রত্যবেক্ষক হিসেবে গণ্য হবেন। এছাড়া প্রধান প্রত্যবেক্ষককেও বিভাগ/ইনস্টিটিউট-এ সশরীরে উপস্থিত থাকতে হবে। প্রত্যেক প্রত্যবেক্ষক Zoom-এ কো-হোস্ট হিসেবে স্বতন্ত্র কম্পিউটার থেকে যুক্ত হয়ে অনধিক ২৫ জন পরীক্ষার্থীকে প্রত্যবেক্ষণ করবেন। এক্ষেত্রে বিদ্যুৎ বিভ্রাট বা ইন্টারনেট সংযোগ বিষয়ক সমস্যার কথা বিবেচনায় রেখে প্রত্যবেক্ষকগণ অবশ্যই মোবাইল ফোন/ল্যাপটপ এবং প্রয়োজনীয় মোবাইল ডাটার ব্যবস্থা রাখবেন। প্রত্যবেক্ষণের সুবিধার্থে পরীক্ষার্থীদের Zoom-এর Breakout Room-এ বিভক্ত করে নেয়া যেতে পারে। এক্ষেত্রে পরীক্ষার রোল অনুযায়ী পরীক্ষার্থীদের Breakout Room-এ বিভক্ত করা যেতে পারে; যেমন প্রথম ২৫ জন Breakout Room-1-এ, পরের ২৫ জন Breakout Room-2-এ ইত্যাদি। এক্ষেত্রে প্রতিটি Breakout Room-এ অন্তত একজন প্রত্যবেক্ষকের সর্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।

**৪। পরীক্ষার্থীদের হাজিরা সংক্রান্ত**

পরীক্ষা নিয়ন্ত্রক দফতর থেকে প্রেরিত ছবিসহ পরীক্ষার্থীদের তালিকার pdf ফাইল-এর প্রিন্ট কপি প্রত্যেক প্রত্যবেক্ষকের কাছে থাকবে। পরীক্ষা অনুষ্ঠানের দিন প্রত্যবেক্ষকগণ পরীক্ষার্থীর ছবির সাথে চেহারা মিলিয়ে দেখে উক্ত তালিকার নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করবেন।

**৫। উত্তরপত্র জমা দেয়া সংক্রান্ত**

পরীক্ষা শেষে পরীক্ষার্থীদেরকে তাদের উত্তরপত্র স্ক্যান করে/ছবি তুলে একটি সিঙ্গেল Pdf ফাইল আকারে গুগল ক্লাসরুমের যে অ্যাসাইনমেন্ট-এর মাধ্যমে প্রশ্নপত্র বিতরণ করা হয়েছিল সেই একই অ্যাসাইনমেন্ট-এর বিপরীতে অ্যাটাচমেন্ট আকারে (কাভার পৃষ্ঠাসহ) পরীক্ষার সময় শেষ হওয়ার ১০ থেকে ৩০ মিনিট (বিভাগ/ইনস্টিটিউট কর্তৃক পূর্বনির্ধারিত) সময়ের মধ্যে জমা দিতে হবে। একজন পরীক্ষার্থী একটির বেশি ফাইল আপলোড করতে পারবে না। আপলোডকৃত ফাইলের নামকরণের ক্ষেত্রে প্রত্যেক পরীক্ষার্থীকে **অবশ্যই একটি কমন ফরম্যাট ব্যবহার করতে হবে;** তা না হলে পরবর্তীতে সকল ফাইল ডাউনলোড করে কোনো ফোল্ডারে সংরক্ষণ করার পর কোন্ পরীক্ষার্থী কোন্ ফাইল আপলোড করেছে তা নির্ণয় করা দুরূহ হয়ে পড়বে। ফাইলের নামের ফরম্যাট হতে হবে **'কোর্স কোড_পরীক্ষার রোল নম্বর'**। এই বিষয়টি অবশ্যই আগে থেকে পরীক্ষার্থীদের অবহিত করতে হবে (গুগল ক্লাসরুম-এর stream ব্যবহার করা যেতে পারে) এবং পরীক্ষা শুরুর আগে প্রত্যবেক্ষকগণ পরীক্ষার্থীদের এ বিষয়ে আবার অবহিত করবেন।

উত্তরপত্রের স্ক্যানকৃত pdf ফাইলটি অ্যাসাইনমেন্ট-এর বিপরীতে অ্যাটাচ করা হয়ে গেলে অ্যাসাইনমেন্টটি **'টার্ন-ইন' করার বিষয়ে প্রত্যবেক্ষকগণ বারবার সতর্ক করবেন।** উত্তরপত্র জমা দেয়ার নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার পর প্রত্যবেক্ষকগণ সকল পরীক্ষার্থীর উত্তরপত্র জমা দেয়া এবং টার্ন-ইন করার বিষয়টি নিশ্চিত করবেন। এটি নিশ্চিত হওয়ার পরই একজন পরীক্ষার্থী জুম-মিটিং ত্যাগ করতে পারবেন। বিশেষ পরিস্থিতিতে বিকল্প ব্যবস্থা হিসেবে গুগল ক্লাসরুমে উত্তরপত্র জমা না নিয়ে পরীক্ষা কমিটি কর্তৃক প্রদত্ত কোনো একটি ইনস্টিটিউশনাল ইমেইল আইডিতেও পরীক্ষার্থী উত্তরপত্র ইমেইলে অ্যাটাচমেন্ট আকারে প্রেরণ করতে পারবে। তবে এক্ষেত্রে অবশ্যই পরীক্ষা কমিটির উপস্থিত সদস্যের অনুমতির প্রয়োজন হবে।

**৬। মৌখিক পরীক্ষা সংক্রান্ত**

মৌখিক পরীক্ষা অনলাইন-এ Zoom প্লাটফর্ম ব্যবহার করে নেয়া যাবে।

**৭। ব্যবহারিক পরীক্ষা সংক্রান্ত**

যেসব বিভাগ/ইনস্টিটিউট-এ ব্যবহারিক কোর্স রয়েছে সেসব ক্ষেত্রে পরীক্ষার্থীর সশরীর উপস্থিতি আবশ্যক না হলে অনলাইনে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা যেতে পারে।

## গ) পরীক্ষা পরবর্তী কার্যক্রম

**১। উত্তরপত্র পরীক্ষকের কাছে বিতরণ সংক্রান্ত**

পরীক্ষা শেষে বিভাগ/ইনস্টিটিউটে উপস্থিত পরীক্ষা কমিটির সদস্য বিভাগ/ইনস্টিটিউটের অফিসের সহায়তায় উত্তপত্রগুলোকে গুগল ক্লাসরুমের জন্য নির্ধারিত গুগল ড্রাইভ থেকে অথবা বিশেষ পরিস্থিতিতে ইমেইল-এ উত্তরপত্র প্রেরিত হলে সেটিকে ইমেইল থেকে **একটি কম্পিউটারে ডাউনলোড করবেন।** ডাউনলোডকৃত সকল উত্তরপত্রের সফটকপি পরীক্ষা কমিটি সংরক্ষণ করবে। তাছাড়া ডাউনলোডকৃত উত্তরপত্রের সফটকপি **পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস এবং প্রথম ও দ্বিতীয় পরীক্ষকের সাথে পরীক্ষা সম্পন্ন হওয়ার দিনই শেয়ার করতে হবে।** উত্তরপত্র শেয়ার করার জন্য পেন ড্রাইভ অথবা গুগল ড্রাইভ ব্যবহার করা যেতে পারে; এ বিষয়ে পরীক্ষা কমিটি সংশ্লিষ্ট পরীক্ষকদ্বয় এবং পরীক্ষা নিয়ন্ত্রকের দফতরের সাথে আলোচনা করে সিদ্ধান্ত নেবে।

**পরীক্ষকগণ উত্তরপত্র মূল্যায়নের জন্য উত্তরপত্রের সফটকপি ব্যবহার করতে পারবেন।** যদি কোনো পরীক্ষক উত্তরপত্রের হার্ডকপি দেখে মূল্যায়ন করতে চান, তবে তা পরীক্ষা কমিটিকে আগে থেকে জানাতে হবে এবং পরীক্ষা কমিটি বিভাগ/ইনস্টিটিউট এবং পরীক্ষা নিয়ন্ত্রক দফতরের সাথে সমন্বয় করে উত্তরপত্রসমূহ প্রিন্ট করে পরীক্ষককে সরবরাহ করার ব্যবস্থা করবেন।

প্রচলিত পদ্ধতি অনুসরণ করে পরীক্ষকগণ উত্তরপত্র (হার্ডকপি রিসিভ করে থাকলে) ও নম্বরপত্র জমা দেবেন।

## ২। টেবুলেশন

প্রচলিত পদ্ধতি অনুসরণ করে টেবুলেশন ও পরীক্ষার ফল প্রকাশ করতে হবে।

## ঘ) বিবিধ

### ১। যান্ত্রিক ত্রুটির ক্ষেত্রে করণীয়

বৈদ্যুতিক বা যান্ত্রিক ত্রুটি অথবা ইন্টারনেট সংশ্লিষ্ট প্রতিবন্ধকতার কারণে কোনো পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন সময়ে Zoom থেকে বিচ্ছিন্ন হয়ে পড়লে অথবা উত্তরপত্র নির্ধারিত সময়ে আপলোড করতে ব্যর্থ হলে তাকে অনধিক পাঁচ (৫) মিনিট-এর মধ্যে মোবাইল ফোনে প্রত্যবেক্ষককে অবহিত করতে হবে।

### ২। পুনঃপরীক্ষা গ্রহণ সংক্রান্ত

বৈদ্যুতিক বা যান্ত্রিক ত্রুটি অথবা ইন্টারনেট সংশ্লিষ্ট প্রতিবন্ধকতার কারণে কোনো পরীক্ষার্থী পরীক্ষা সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রত্যবেক্ষকের সুপারিশসহ পরীক্ষার্থীর লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী পুনঃপরীক্ষা নেয়া হবে।

কোনো পরীক্ষার্থী যদি অনলাইন পরীক্ষায় অংশগ্রহণ না করে সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

### ৩। অনলাইন কর্মশালা আয়োজন সংক্রান্ত

পরীক্ষা গ্রহণ সংক্রান্ত উপরিউক্ত যাবতীয় কার্যক্রম Google Classroom এবং Zoom-এর মাধ্যমে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পরীক্ষা কমিটির সদস্য, প্রত্যবেক্ষক এবং পরীক্ষার্থীদের জন্য অনলাইনে কর্মশালা আয়োজন বাঞ্ছনীয়। এই কর্মশালা বিভাগ/ইনস্টিটিউট অথবা অনুষদ পর্যায়ে হতে পারে।

শিক্ষক ও শিক্ষার্থীদের সুবিধার্থে Google Classroom-এ পরীক্ষা দেয়া ও নেয়ার কর্মকৌশল সংক্রান্ত দুটি ভিডিও টিউটোরিয়াল অচিরেই প্রকাশ করা হবে।

**বি. দ্র. এই নির্দেশিকায় বলা নেই এমন কোনো সমস্যার উদ্ভব হলে পরীক্ষা কমিটি তার সমাধান দিতে পারবে।**

25.06.2021